

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৬.২০.৫৩

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭

০৮ নভেম্বর ২০২০

বিষয়: রিট পিটিশন নং-১১১৬৪/২০১৯ মামলায় রুল নিশির আলোকে Show Cause এর জবাবসহ মামলাটিতে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে সরকার পক্ষের জবাব (Affidavit in opposition) দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২৪.১১.২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: নজরুল ইসলাম সিদ্দিকী, পিতা: মো: শাকির উদ্দীন বেপারী, মাতা: মোছা: নাসিরাননেসা, বাসা নং-১২৯, কেব্লাবন্দ, জেল রোড, উপশহর, রংপুর সদর, রংপুর এবং অধ্যক্ষ, হারকলি ডিগ্রি বহুমুখী ফাযিল মাদ্রাসা, পাগলাপীর, থানা: কোতওয়ালী, জেলা: রংপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১১৬৪/২০১৯ মামলা দায়ের করা হয়েছে। মামলাটি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, আবেদনকারী জনাব মো: নজরুল ইসলাম সিদ্দিকী হারকলি ডিগ্রি বহুমুখী ফাযিল মাদ্রাসা, পাগলাপীর, থানা: কোতওয়ালী, জেলা: রংপুর এর অধ্যক্ষ। তার (মো: নজরুল ইসলাম সিদ্দিকী) অনুকূলে এপ্রিল, ২০১৫ থেকে জানুয়ারি, ২০১৯ পর্যন্ত বেতন-ভাতার বকেয়া না দেয়ার প্রেক্ষিতে সংক্ষুব্ধ হয়ে এপ্রিল, ২০১৫ থেকে জানুয়ারি, ২০১৯ পর্যন্ত বেতন-ভাতার বকেয়া দাবী করে মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. মামলাটির রুল নিশিতে আবেদনকারী জনাব মো: নজরুল ইসলাম সিদ্দিকী এর অনুকূলে এপ্রিল, ২০১৫ থেকে জানুয়ারি, ২০১৯ পর্যন্ত বেতন-ভাতার বকেয়া না দেয়ায় মহামান্য আদালত কর্তৃক Show Cause করা হয়েছে এবং ২২.১২.২০১৯ খ্রি: তারিখ বা তার পূর্বে Show Cause এর জবাব চাওয়া হয়েছে। মহামান্য হাইকোর্টের Show Cause এর জবাব দেয়া প্রয়োজন।

০৪. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১ নং রেসপনডেন্টসহ মোট ০৬ (ছয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৫. উক্ত রিট পিটিশন মামলা বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) আবশ্যিক-

(১) বকেয়া বেতনের দাবীতে রিট আবেদনকারী জনাব মো: নজরুল ইসলাম সিদ্দিকী কোন আবেদন করেছেন কী না? করে থাকলে আবেদনখানা নিষ্পত্তির ক্ষেত্রে কোন কার্যক্রম গ্রহণ করা হয়েছে কী না?

(২) উক্ত মামলায় রুল নিশির আলোকে Show Cause এর জবাবসহ Affidavit in opposition মহামান্য আদালতে দাখিল হয়েছে কী-না? হয়ে থাকলে তার প্রমাণক এবং না হয়ে থাকলে বিলম্বের কারণ কী?

(৩) রুল নিশির আদেশের প্রেক্ষিতে রুল নিষ্পত্তির উদ্দেশ্যে কী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে? কার্যক্রমের প্রমাণক প্রয়োজন।

(৪) উক্ত মামলায় শুনানী অস্ত্রে কোন রায় প্রদান করা হয়েছে কী-না?

(৫) উক্ত মামলার সর্বশেষ অবস্থা কী?

(৬) উক্ত মামলা বিষয়ে টিএমইডি এর বর্তমানের করণীয় কী?

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১১১৬৪/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলক্রমে (পূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রমাণক এবং বিলম্বের কারণসহ মামলাটি বিষয়ে চাহিত তথ্য আগামী ১৯.১১.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৮-১১-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৬.২০.৫৩/১(৭)

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭
০৮ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



৮-১১-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)